

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপাড়া, যশোর
উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর



<http://www.bagherpara.jessore.gov.bd>

নম্বর ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.৫৪৩

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯

০৮ নভেম্বর ২০২২

নোটিশ

বিষয়: উপজেলা পরিষদের নভেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভা নোটিশ প্রেরণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের অক্টোবর'-২০২২ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ১০ নভেম্বর'২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১০.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

৮-১১-২০২২

সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার
ফোন: ০২৪৭৭৭৭১৯১৬
ইমেইল:

unobagherpara@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব রনজিত কুমার রায়, মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪
- ২) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা
- ৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
- ৪) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
- ৫) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
- ৬) মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর
- ৭) উপজেলা.....কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
- ৮) চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/খলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর

Compose Sent X

TODAY

Rec'd Rec'd Forward

Folders

Fine folder

Inbox 15393

Drafts

Sent

All Documents

Junk

Trash

+ New Folder

uz1igd, dighihulna, dcjessore, ddigjashore, upazilaofficegroup... // 2:08 PM
বাধারপাড়া উপজেলা পরিষদের নভেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভার নোটিশ...
দয়া করে সংযুক্ত ফাইলটি দেখুন

YESTERDAY

Principal Khairul, upcollage64
Principal Khairul, upcollage64
FW: আনিব ব কারণ বশতঃ এক্সেসসি (হিএমটি) পরীক্ষার বংলা-১ (২১৮১১) বিষয়ের...

YESTERDAY

LAST WEEK

uz1igd, dighihulna, dcjessore, ddigjashore, upazilaofficegroup... // Nov 2
বাধারপাড়া উপজেলা পরিষদের নভেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভার নোটিশ...
দয়া করে সংযুক্ত ফাইলটি দেখুন

dighihulna, dcjessore, ddigjashore, spjessore, uscoagherpara // Nov 2
বাধারপাড়া উপজেলা পরিষদের নভেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভার নোটিশ...
দয়া করে সংযুক্ত ফাইলটি দেখুন

Notice November-2022.pdf

বাধারপাড়া উপজেলা পরিষদের নভেম্বর-২০২২
মাসের মাসিক সাধারণ সভার নোটিশ প্রেরণ

Tue, Nov 8 2:08 PM

Show less

To: uz1igd <uz1igd@gmail.com>, dighihulna <dighihulna@gmail.com>, dcjessore <dcjessore@gmail.com>, ddigjashore <ddigjashore@gmail.com>, upazilaofficegroup <upazilaofficegroup@googlegroups.com>, uscoagherpara <uscoagherpara@googlegroups.com>

সভাপতি:- জনাব বিজ্ঞোয়া পার্বতী অথী
চৌধুরী, ইদ জেলা পরিষদ, বাগাচাড়া

স্থান :- ইদ জেলা পরিষদ মিলনায়তন

তারিখ:- ১০/১১/২০২২ খ্রি: বৃহস্পতিবার বেলা-১০.৩০ ঘটিকা

সভার উপস্থিতি অনুমতি নিবন্ধনের স্বাক্ষর:-

১। জনাব মো: আ: রউফ, বর্তমান (মোঃ ম্যান, ইদ, পরিঃ) →

২। জনাব বিজ্ঞোয়া পার্বতী অথী " " " →

৩। জনাব, চৌধুরী, বাগাচাড়া →

৪। চৌধুরী, বর্তমান, ইদ, পরিঃ, বাগাচাড়া →

৫। " বর্তমান " " →

৬। " বর্তমান " " →

৭। " নারিকেলবাড়ীয়া " →

৮। " বর্তমান " " →

৯। " বর্তমান " " →

১০। " বর্তমান " " →

১১। " বর্তমান " " →

১২। " বর্তমান " " →

স্বাস্থ্য উন্নয়ন বিবর্তনীয় প্রকল্প (নব জন্ম) :-

১।	কোঃ রুহুল আমিন	UAO	১৫/১১/২১
২।	ডাঃ মোঃ মদনুল হাবিবী	ULO	১৫/১১/২১
৩।	ডাঃ মোঃ আমজাদ হোসেন	সিনিয়র UHFO	১৫/১১/২১
৪।	কোঃ জোফায়েল মোস্তফা	→ UDO	১৫/১১/২১
৫।	ডাঃ ডি. এম. মঈনুদ্দিন হোসেন	USSO	১৫/১১/২১
৬।	মোঃ জাহিদা পারভীন	URDO BRDB	১৫/১১/২১
৭।	কোঃ আব্দুল করিম	DO, PBS	১৫/১১/২১
৮।	বিপ্লব কুমার সরকার	F.A, (স্বাস্থ্য পরিদর্শক)	১৫/১১/২১
৯।	মোঃ নূরুজ্জামান জাহাঙ্গীর	UFPN মাঝামাঝি	১৫/১১/২১
১০।	কোঃ জুবায়ের হোসেন	মহিলা বিষয়ক পরিদর্শক (প্রশিক্ষক)	১৫/১১/২১
১১।	মোঃ জাহিদা পারভীন	অস্বাস্থ্য অফিসার	১৫/১১/২১
১২।	কোঃ আব্দুল হান্নান	SAE, DPHE	১৫/১১/২১
১৩।	কোঃ মোঃ আমজাদ হোসেন	USEO	১৫/১১/২১
১৪।	কোঃ আব্দুল হান্নান	অস্বাস্থ্য অফিসার	১৫/১১/২১
১৫।	কোঃ আলী আব্দুল হান্নান	আবাসিক পরিদর্শক	১৫/১১/২১
১৬।	কোঃ আমিরুল হক	UDF-UGDP	১৫/১১/২১

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি

: ভিক্টোরিয়া পারভীন সাধী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান

: উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর

তারিখ ও সময়

: ১০ নভেম্বর/২০২২ বৃহস্পতিবার, বেলা-১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব বিধীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

অনুপস্থিতি নাই

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব ডাঃ মোঃ ফজলে রাব্বী, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব ডাঃ খাদেমুল এহসান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ তোপাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব এ.টি.এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব রোজিনা পারভীন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(অঃ দাঃ), বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব শেখ আব্দুর রহমান, ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব বিপুল কুমার সরকার, ক্ষেত্রসহকারী, উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ মহিউদ্দীন আহমেদ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব তৈমুর হোসেন, প্রশিক্ষক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব শাহিদা পারভীন, উপজেলা সমবায় কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব মোঃ আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর।
- ১৫) জনাব মোঃ আলী আকবর, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৬) জনাব মোঃ আমিনুল হক, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) জনাব ফিরোজ আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(অঃ দাঃ), বাঘারপাড়া, যশোর।
- ০২) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভায় কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি। উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট সকলকে নিয়মিত স্থায়ী কমিটি, পিএসসি কমিটিসহ অন্যান্য সকল কমিটির সভা সময়মত করার জন্য আহবান জানান।	স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়। এছাড়া উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্থায়ী কমিটির মাধ্যমে ছাড়া পরবর্তীতে কোনরূপ আলোচনা ও প্রকল্প গ্রহণ করা হবে না।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহিত প্রকল্প অনুমোদনঃ ২০২২-২৩ অর্থবছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর আওতায় এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিল এর অর্থের বিপরীতে দাখিলকৃত প্রকল্পসমূহ উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ের মাধ্যমে সুপারিশকৃত পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নকৃত প্রকল্পসমূহ ও প্রকল্প বাস্তবায়ন কমিটি পরিশিষ্ট-ক এবং টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নকৃত প্রকল্পসমূহ পরিশিষ্ট-খ আকারে পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পসমূহ পরিশিষ্ট-ক এবং টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নকৃত প্রকল্পসমূহ পরিশিষ্ট-খ অনুমোদন প্রদান করা হয় এবং দ্রুততার সহিত প্রাক্কলন প্রস্তুতপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। (খ) হাট-বাজারের ১০% অর্থের প্রকল্প অনুমোদনঃ ১৪২৭ ও ১৪২৮ সনের হাট-বাজার এর ১০% এর বিপরীতে দাখিলকৃত(সকল ইউপি থেকে প্রাপ্ত) প্রকল্পসমূহ পিএসসি কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক প্রকল্প তালিকা পরিশিষ্ট-ক আকারে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ(পরিশিষ্ট-গ) অনুমোদন করা হয়। নীতিমালা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। (গ) অনুমোদিত মাষ্টার প্লান অনুযায়ী উপজেলা পরিষদের নতুন হলরুম নির্মাণের স্থানে অবস্থিত জরাজীর্ণ অব্যবহৃত বিআরডিবি গোড়াউন কনভেনশন এর মাধ্যমে অপসারণঃ যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের অনুমোদিত মাষ্টার প্লান অনুযায়ী উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন ও হলরুম নির্মাণের স্থানে জরাজীর্ণ/পরিত্যক্ত উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের গোড়াউন (বিআরডিবি গোড়াউন) যা বর্তমানে বিআরডিবি দপ্তর কোন কাজে ব্যবহার করেন না এবং যেকোন সময় ভেঙ্গে পড়ে দুর্ঘটনা ঘটতে পারে। উক্ত ভবন অপসারণ না করলে নতুন হলরুম নির্মাণ কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না। তাৎক্ষণিকভাবে বর্ণিত ভবন কনভেনশন ঘোষণা করার লক্ষ্যে গত সেপ্টেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক সকল কাগজপত্রসহ গত ২৬ সেপ্টেম্বর ২০২২খ্রিঃ অত্র	(ক) প্রকল্পসমূহ ও পরিশিষ্ট-ক পরিশিষ্ট-খ) অনুমোদন করা হয়। (খ) প্রকল্পসমূহ(পরিশিষ্ট- গ) অনুমোদন করা হয়। (গ) উপজেলা নির্বাহী অফিসারকে কর্তৃপক্ষের আলোচনাপূর্বক ব্যবস্থা করণ এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া,	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী ৪। সংশ্লিষ্ট সকল (খ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী ৪। সংশ্লিষ্ট সকল (গ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

	কার্যালয়ের ৪৪নং স্মারকে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হলে উক্ত দপ্তরের ২৪ অক্টোবর ২০২২খ্রিঃ তারিখের ৪৭.০০.০০০.০৪৭.১৮.১৬৭.১৬.২৭১নং স্মারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিবি) এর নিকট প্রেরণ করেছেন মর্মে সভাকে অবহিত করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বলা হয় যেহেতু উক্ত গোডাউনটি বিআরডিবি বা অন্য কারও কোনরূপ কাজে আসছে না এবং যেকোন সময় ভেঙে পড়ার সম্ভাবনা রয়েছে। সুতরাং উপজেলা নির্বাহী অফিসারকে উর্দ্ধতন কর্তৃপক্ষের সহিত আলোচনাপূর্বক ভাঙ্গার ব্যবস্থা করন এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোরকে তার দপ্তরের গোডাউনটির বর্তমান অবস্থা ও করণীয় জানিয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে পত্র প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। (ঘ)মেয়র, বাঘারপাড়া পৌরসভা জানান যে, বাঘারপাড়া চৌরাস্তা বাজার বড় একটি বাজার হওয়া সত্ত্বেও এখানে কোন পাবলিক টয়লেট না থাকায় বাজার ও উপজেলা পরিষদ এলাকার পরিবেশ নষ্ট হচ্ছে। এ বিষয়ে পৌরসভা থেকে একটি টয়লেট করা হবে, কিন্তু টয়লেটের জায়গাটি জেলা পরিষদ কর্তৃক অবৈধভাবে দেওয়াল তুলে ভাড়া প্রদান করেছে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে চৌরাস্তা বাজারে টয়লেট স্থাপনের জন্য জায়গা নির্ধারণ অথবা নির্ধারণে সমস্যা উদ্ভূত হলে সমাধানে কি ধরনের পদক্ষেপ গ্রহন করা যায় তার বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করার জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হয়ঃ কমিটিঃ ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া--- আহবায়ক ২। চেয়ারম্যান, দোহাকুলা ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া---- সদস্য ৩। উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া---- সদস্য ৪। উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া--- সদস্য (উপজেলা প্রকৌশলী কর্তৃক মনোনীত) ৬। সভাপতি, সংশ্লিষ্ট বাজার কমিটি(যদি থাকে)--- সদস্য ৫। প্রকৌশলী, বাঘারপাড়া পৌরসভা,--- সদস্য সচিব	ও করণীয় জানিয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে পত্র প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।	
০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) (ক) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অবকাঠামো খাতের আওতায় গৃহিত প্রকল্পের বিল অনুমোদনঃ ২০১৯-২০ অর্থ বছরের (চতুর্থ খাপ) অবকাঠামো খাতের আওতায় গৃহিত প্রকল্পসমূহ টেন্ডারের মাধ্যমে প্রাপ্ত ঠিকাদার প্রকল্প বাস্তবায়ন করে বিল পাইবার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন দাখিল করেছেন। তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। বিলগুলি নিম্নরূপঃ প্রকল্পের নামঃ বাঘারপাড়া উপজেলাধীন মাধ্যমিক স্তরের পরীক্ষা কেন্দ্রে বেক্স সরবরাহ প্রকল্পের বিলের পরিমাণঃ-১৮,৪৪,৬৪০/- এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত বিলটি অনুমোদন করা হয় এবং পরবর্তী কার্যক্রমের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউডিএফ ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(ক) বিলটি অনুমোদনকরতঃ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।	(ঘ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। মেয়র, বাঘারপাড়া পৌরসভা ৪। গঠিত কমিটি
০৬.	অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যায়কৃত/প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) কোন আলোচনা নাই		
০৭.	সময়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরঃ	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী

খ. স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্র প্রদানপূর্বক পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ. কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খরিফ-২ মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৬৮০০ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ হয়েছে। রোপা আমন ধান ইতিমধ্যে কর্তন শুরু হয়েছে এবং ফলন সন্তোষজনক। শীতকালীন সবজি, সরিষা, পেঁয়াজ, রসুন, মসুর চাষের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তারা কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করছেন। বিশেষ কর্মসূচীর আওতায় ফল গাছের পরিচর্যা, ভার্মি কম্পোষ্ট/কম্পোষ্ট তৈরী, পুষ্টি বাগান স্থাপন সহ অন্যান্য কার্যক্রমের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। সার মনিটরিং কার্যক্রম চলমান আছে। রবি ২০২২-২৩ মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় গম-২৩০জন, ভুট্টা-৯০জন, সরিষা-৩৫০০জন, সূর্যমুখী-১৫জন, শীতকালীন পেঁয়াজ-২০জন, মসুর-২৫০জন কৃষকের মাঝে বিনা মূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম চলমান আছে এবং পরবর্তী খরিফ-১ মৌসুমে ৩০জন কৃষকের মাঝে বিনা মূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হবে। উপজেলা কৃষি পূর্ববাসন ও বাস্তবায়ন কমিটির সুপারিশকৃত ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি ক্রয়ে আগ্রহী কৃষকের অগ্রাধিকার নামের তালিকা প্রেরণ করা হয়েছিল। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) কার্যক্রমের আওতায় কন্বাইন হারভেস্টার ৩টি, পাওয়ার ট্রেসার-৪টি, সিডার-১৬টি, বেড প্লান্টার-৯টি, ক্যারোটওয়াশার-০১টি, পটেটো ডিগার-৩টি, কৃষি যন্ত্রপাতি অনুমোদিত হয়েছে। প্রকল্পের অনুমোদিত তালিকা থেকে কৃষকদের মাঝে ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হবে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ. মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ৭ অক্টোবর ২০২২ হতে ২৮ অক্টোবর পর্যন্ত সারাদেশের ন্যয় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোর বাঘারপাড়া উপজেলাতেও মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২২ এর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। বর্তমানে ১ লা নভেম্বর ২০২২ হতে ৩০ শে জুন ২০২৩ পর্যন্ত জাটকা আহরণ, পরিবহণ, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। উপজেলা প্রশাসনের সহযোগিতায় বাঘারপাড়া উপজেলার বিল জলেশ্বরের পাইকপাড়া খালে অবৈধ কারেন্ট জাল/চায়না দুরারী জাল, ভেসাল ও পাটা বাধ অপসারণ অভিযান কার্যক্রম পরিচালনা করে ১১০০ মি. চায়না জাল, ১০০মি. ভেসাল জাল ও পাটা বাধ অপসারণ করা হয় যা দেশীয় মাছের নংশ বিস্তারে বিশেষ ভূমিকা রাখবে। উপজেলা প্রশাসনের সহযোগিতায় বাঘারপাড়া উপজেলার বিভিন্ন বাজারে মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। উক্ত মোবাইল কোর্ট পরিচালনার সময় খাজুরা বাজারের একটি মৎস্য খাদ্য বিক্রয় কারী প্রতিষ্ঠানের নিকট মেয়াদ উত্তীর্ণ মৎস্য খাদ্য পাওয়ায় উক্ত প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা করা হয় ও মেয়াদ উত্তীর্ণ মৎস্য খাদ্য জনসম্মুখে ধ্বংস করা হয়। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ. প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, (১) কৃত্রিম প্রজনন ক) তরল সিমেন- ২৩৪টি, খ) হিমায়িত সিমেন-৯৩০টি, (২) টিকা প্রদান- (ক) গবাদি পশু-৫৮১২টি, (খ) হাস-মুরগী-১০৮৪০০টি, (৩) চিকিৎসা প্রদান- (ক) গবাদি পশু-২৩৫৮টি, (খ) পোষা প্রাণী- ০১টি, (৪) খামার পরিদর্শন-০৮টি (৫) উঠান বৈঠক-০৫টি সম্পন্ন করা হয়েছে।	দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সমাজসেবা বিভাগ:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বয়স্ক ভাতা প্রত্যাশীদের অপেক্ষমান তালিকা স্বস্থ ইউনিয়ন কমিটির মাধ্যমে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবরে চিঠি প্রেরণ করা হয়েছিল, সকল ইউনিয়নের তালিকা পাওয়া গেছে। প্রতিস্থাপনের কাজ চলমান। ১ম কিস্তির টাকা বিতরণ চলমান আছে। ২০২২-২৩ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা প্রত্যাশীদের অনলাইনে আবেদন এর প্রেক্ষিতে পৌরসভাসহ সর্বমোট-বরাদ্দ পাওয়া গেছে ৬২১ জনের। ইতোমধ্যে সংশ্লিষ্ট ইউনিটে তালিকাসহ পত্র প্রেরণ করা হয়েছে। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	(১) উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ. পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬০৩৭ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৮২৭৬(চক্র) কনডম ১৮৭৫১ (পিস) ইনজেকটেবল ১২২৯ জন আইইউডি ০৮জন, ইমপ্লান্ট ৩৫জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০০জন, মহিলা ০১ মোট ০১ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ. শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রশাসন, বাঘারপাড়া, যশোর এর আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া মহোদয়ের সার্বিক নির্দেশনা ও তত্ত্বাবধানে গত ০৩/১১/২০২২ তারিখ জহরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা মেলা, অভিভাবক সমাবেশ ও জন সচেতনতামূলক কার্যক্রম অনুষ্ঠানটি মিলন মেলায় পরিণত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, যশোর মহোদয়। অনুষ্ঠানটি খুবই প্রানবন্ত ও জাকজমকপূন ছিল। ০৯/১১/২০২২ তারিখে উপজেলায় অনুষ্ঠিত উদ্ভাবনী মেলা ২০২২ উপলক্ষে উপজেলা শিক্ষা অফিসের নির্ধারিত ষ্টলে শিক্ষকগণ বিভিন্ন ধরনের উপকরণ নিয়ে হাজির হয় এবং ষ্টলটি জাকজমকপূনভাবে আকর্ষণীয় করে তোলেন। উদ্ভাবনী মেলা ২০২২ এর মেলায় উপজেলা শিক্ষা অফিসের ষ্টলটি ১ম স্থান হয়েছে। অত্র উপজেলায় পিইডিপি-৪ এর আওতায় ১৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের জন্য আলাদা কক্ষ তৈরীর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য অধিদপ্তর হতে উপজেলা প্রকৌশলী কার্যালয়ে পত্র প্রেরন করেছেন। গত ২৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ সুষ্ঠু ও সুন্দরভাবে অত্র উপজেলায় মীনা দিবস পালিত হয়। মীনা দিবস উপলক্ষে উপজেলায় বর্নাঢ্য র্যালী অনুষ্ঠিত হয়। শিশুদের মাঝে উপকরণ বিতরণ করা হয়। মীনা দিবস উপলক্ষে শিশুদের মাঝে চিত্রাংকন প্রতিযোগিতাসহ গল্প মেলার আয়োজন করা হয় এবং শিক্ষার্থীদের মাঝে নাস্তা বিতরণ করা হয়। উর্দ্ধতন অফিস কর্তৃক প্রাপ্ত সকল নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভায় অবহিত করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, গত ০৬.১১.২০২২ খ্রিঃ তারিখ থেকে অত্র বাঘারপাড়া উপজেলায় ০৫ টি এইচ.এস.সি পরীক্ষা কেন্দ্রে, ০১ টি মাদ্রাসা আলীম পরীক্ষা কেন্দ্রে এবং ০২ টি এইচ.এস.সি ভোকেশনাল পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে এইস.এস.সি, আলীম ও এইচ.এস.সি ভোকেশনাল পরীক্ষা শুরুর হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া মহোদয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধান এবং দিক নির্দেশনা অনুযায়ী অত্র উপজেলাধীন ৪৭ টি বিদ্যালয়, ৩১ টি মাদ্রাসা, ০৯ টি কলেজ এবং ০২ টি কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের আই.সি.টি শিক্ষকদের উপজেলা পর্যায়ে ০৩ দিনের আই.সি.টি বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়েছে। গত ২৪.১০.২০২২ খ্রিঃ তারিখে উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুগরের বিজ্ঞান শিক্ষা কার্যক্রমের আওতায় উপজেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ এবং বিজ্ঞান সভা যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। “পারফরমেন্স বেজড গ্রান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI)” শীর্ষক স্কিমের আওতায় “স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবসহাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)” প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কার্যক্রম চলমান আছে। গত ০৯.১১.২০২২ খ্রিঃ তারিখে বাঘারপাড়া	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়।	(১) ও (২) উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর

	উপজেলা প্রশাসনের তত্বাবধানে বাঘারপাড়া উপজেলা পরিষদ চত্বরে ডিজিটাল উদ্ভাবনী মেলা -২০২২ সফলভাবে সম্পন্ন হয়েছে। উক্ত মেলায় অত্র উপজেলাধীন সকল দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠাসমূহ অংশগ্রহণ করে। মেলায় স্ব স্ব দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ তাদের দাপ্তরিক উদ্ভাবন সমূহ সুন্দরভাবে উপসহাপন করেন।		
এ. পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নে কাজ করে আসছে। তাছাড়া গ্রামের সাধারণ জনগণকে একত্রিত করে সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, পুষ্টি গঠন, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষক সমিতি, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকে। ২২৮টি সমিতির ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৩৫.১৮ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ২৪৮জন সদস্যর মধ্যে ১১৮.৫১ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ১১৩.২০ ঋণ আদায় করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আত্মনির্ভরশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিভিন্ন সমিতিতে চলতি ও খেলাপী ঋণের টাকা আদায়ে সম্মানিত চেয়ারম্যানবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাদের আন্তরিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি আরো জানান যে, কতিপয় অসাধু ব্যক্তিবর্গ বিআরডি দপ্তর হতে ঋণ প্রদানের নাম করে জনসাধারণের নিকট হতে প্রতারণাপূর্বক অর্থ গ্রহণ করছে, তিনি কাউকে অফিসের উপর্যুক্ত প্রমানকছাড়া কোন লেনদেন না করার জন্য আহবান জানান এবং বিষয়টি সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির জন্য জনপ্রতিনিধিগণে সহযোগিতা কামনা করেন।	(১)দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।	(১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০২৯১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্য থেকে ৩১০৪ জন যুব ও ২০৭০ জন যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে।এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০২৪ জন যুব ও ৬৩০ জন যুব মহিলা সহ মোট ১৬৫৪ জন কে যুব ঋণ হিসাবে ৪.৭০.০১.৩০০/- (চার কোটি সত্তর লক্ষ এক হাজার তিনশত) টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। তিনি সভায় আরও জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬০টি ২০২১-২০২২সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত মোট ২২টি প্রাথমিক সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ২০২০-২০২১সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,১০,৭০০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,১০,৭০০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৬২৪৪৫/-টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৬২,৪৪৫/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মূল বরাদ্দ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঋণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৪,৫০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমাণ ৪০,৭০,৩৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৪৭,৮৯৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমাণ ৫,২২,৯৪৬/-টাকা। আদায়ের হার ৮৭%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডলিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫১ জন। ভিডলিউবি কার্যক্রমের আওতায় অক্টোবর/২২ মাস পর্যন্ত ভাতাভোগীদের খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। নভেম্বর/২০২২ মাসের খাদ্য বিতরণের ডিও প্রদান করা হয়েছে। ২০২৩-২৪ চক্রের কার্যক্রম চলমান আছে। মাতৃত্বকালীনভাতা ও ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের এজিওর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।

	আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় বর্তমানে ১৭ তম ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে দুটি ট্রাটে মোট ৫০ জন মহিলার প্রশিক্ষণ চলমান আছে। ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। নভেম্বর/২০২২ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০ টাকা প্রদান করা হয়েছে। বাল্য বিবাহ, নারী নির্যাতন, মানব পাচার প্রতিরোধ, বৈতনিক নিরোধ ও অসুস্থতার বিষয়ে উঠান বৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।		
৮. ব্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
৭. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, নতুন গভীর নলকূপের কোন ঠিকাদার কাজ পেয়েছে তা আগামী সপ্তাহে জানা যাবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলামান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
৯. বন বিভাগ	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
১০. বিবিধ:	ক) ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, বাঘারপাড়া জানান যে, তার দপ্তরের পানি নিষ্কাশন ব্যবস্থা না থাকায় দপ্তর পরিচালনাসহ পার্শ্ববর্তী জমির চাষাবাদ এবং পরিবেশ নষ্ট হচ্ছে মর্মে জনসাধারণ কর্তৃক অভিযোগ প্রদান করছে। এ বিষয়ে আলোচনাকালে মেয়র, বাঘারপাড়া পৌরসভা জানান যে বর্ণিত জায়গার পানি নিষ্কাশন ব্যবস্থা সুগম করতে জায়গার সামনে দিয়ে সড়ক ও জনপদের যে রাস্তাটি রয়েছে সেটি কর্তন করে একটি কালভার্ট ব্রিজ নির্মাণ করা প্রয়োজন কিন্তু সড়ক ও জনপদ দপ্তরের অনাপত্তি না পাওয়ায় সেটা করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় বিষয়টি সভায় বিস্তারিত আলোচনান্তে জেলা পর্যায়ে বিষয়টি উপস্থাপনপূর্বক সমাধান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। খ) এছাড়া ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, বাঘারপাড়া আরো জানান যে তার দপ্তরের ট্যাক্সিট একটু সামঞ্জস্যতা আনয়ন করা যায় কিনা, এ বিষয়ে তিনি মেয়র, বাঘারপাড়া পৌরসভা এর দৃষ্টি আকর্ষণ করেন। মেয়র, বাঘারপাড়া পৌরসভা জানান যে, যৌথভাবে কর নির্ধারণের সহিত বসে আইন ও বিধি এর মধ্যে থেকে সমাধানের চেষ্টা করা হবে। গ) উপজেলা পরিষদ এর দপ্তরসমূহের পৌরকর নির্ধারণঃ উপজেলা পরিষদের পৌরকর নির্ধারণের বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান যে, তাঁর কার্যালয়সহ সকল দপ্তরের আলাদাভাবে কর পরিশোধের জন্য বরাদ্দ থাকে এছাড়া উপজেলা পরিষদের তহবিলে আয় খুব সীমিত সুতরাং পরিষদের আয়কর নির্ধারণের ক্ষেত্রে শুধুমাত্র উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, দুইজন ভাইস চেয়ারম্যানের কার্যালয় ও মিলনায়তন (অফিসের মধ্যে) এবং উপজেলা পরিষদের বাসা-বাড়ি ও দোকানঘরসমূহ কে উপজেলা পরিষদের পৌরকরে অন্তর্ভুক্ত করার জন্য বলেন। এছাড়া অন্যান্য সকল দপ্তরের কর স্বতন্ত্রভাবে নির্ধারণ করার জন্য মেয়র, বাঘারপাড়া পৌরসভাকে অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বক্তব্যে সকলে ঐক্যমত পোষন করেন এবং সভায় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে,	(ক) উদ্ধতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন পূর্বক সমাধানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) আইন ও বিধি এর মধ্যে থেকে সমাধানের চেষ্টা করার সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) পৌরসভা কর্তৃক উপজেলার সকল দপ্তরের পৌরকর আলাদাভাবে নির্ধারণ করিবেন এবং নির্ধারিত করতালিকা উপজেলা নির্বাহী অফিসারের সহিত সমন্বয় কবে তারপর চূড়ান্ত করিবেন।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার (খ) ১। মেয়র, বাঘারপাড়া পৌরসভা ২। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি (গ) ১। উপজেলা নির্বাহী অফিসার ২। মেয়র, বাঘারপাড়া পৌরসভা

পৌরসভা কর্তৃক উপজেলার সকল দপ্তরের পৌরকর আলাদাভাবে নির্ধারণ করিবেন এবং নির্ধারিত করতালিকা উপজেলা নির্বাহী অফিসারের সহিত সমন্বয় করার পর দপ্তরসমূহ প্রয়োজনে তাঁর উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করবেন। (ঘ) উপজেলা নির্বাহী অফিসার হস্তান্তরিত দপ্তরের বাইরে অন্যান্য দপ্তরের প্রধানগণকে সভায় আমন্ত্রণ জানানো বিষয়টি উপস্থাপন করেন। এ বিষয়ে পরবর্তী সভা থেকে সকল দপ্তর প্রধানগণকে আমন্ত্রণ জানানো হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং খুবই গুরুত্বপূর্ণ কাজ ছাড়া উপজেলা পরিষদের সভায় দপ্তর প্রধান বাদে অন্য কাউকে না প্রেরণ করার আহবান জানানো হয়। এছাড়া তিনি আরো জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অফিসের কাছে রাস্তার দুই পাশে উপজেলা মডেল মসজিদ ও টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ডিজিটাল উদ্ভাবনী মেলায় সকলের সহযোগিতায় সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরকারের উন্নয়নমূলক কাজ সকলকে মিলেমিশে সুষ্ঠুভাবে সম্পন্ন করা আহবান জানান।	(ঘ) সকল দপ্তর প্রধানগণকে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঘ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
--	---	---

অতঃপর অধ্যাকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


ভিক্টোরিয়া পারভীন সাঈ
সভাপতি

ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৫৯

তারিখঃ ১৩/১১/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯. মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১. চেয়ারম্যান, ... ইউনিয়নপরিষদ, বাঘারপাড়া, যশোর।
১২. সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।


সৈয়দ জাকির হুসেন
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।